

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মতার্থিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



পেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৪, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অর্থ বিভাগ

(বাস্তবায়ন অনুবিভাগ)

আদেশ

তারিখ : ০১ চেত্র, ১৪২৮ বঙ্গাব্দ/১৫ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৫৩-আইন/২০২২।—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ১৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০১ পৌষ, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ১৫ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের এস, আর, ও নং ৩৬৯-আইন/২০১৫ দ্বারা জারীকৃত চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ১৭ এর উপ-অনুচ্ছেদ (৭) এর সারণির দ্বিতীয় কলামে উল্লিখিত মাসিক বাড়ি ভাড়া ভাতার হার সংক্রান্ত শিরোনামের দ্বিতীয় কলামের উপ-শিরোনাম “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ, গাজীপুর ও ময়মনসিংহ সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য” এর পরিবর্তে “চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ, গাজীপুর, ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও সাভার পৌর এলাকা এবং কক্সবাজার শহর বা পৌর এলাকার জন্য” উপ-শিরোনাম প্রতিস্থাপিত হইবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হাবিবুন নাহার  
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৬৭৭১)

মূল্য : টাকা ৪.০০